# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com


## নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, দিনাজপুরের নৈতিকতা কমিটির ২য় সভা ১১/০১/২০২১ তারিখ সকাল ১১.০০ টায় চেয়ারম্যান প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক মহোদয়ের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সম্মানিত সদস্যগণ উপস্থিত ছিলেন।

| ক্রঃ নং | নাম, পদবি ও ঠিকানা | কমিটিতে পদ মর্যাদা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক<br>চেয়ারম্যান<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর। | সভাপতি | স্বাক্ষরিত |
| ০২ | প্রফেসর মোঃ হারুন অর রশিদ মন্ডল, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক<br>পক্ষে/পরীক্ষা নিয়ন্ত্রক<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | প্রফেসর মোঃ ফারাজ উদ্দিন তালুকদার<br>কলেজ পরিদর্শক<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ আবু হেনা মোস্তফা কামাল<br>বিদ্যালয় পরিদর্শক<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | ড. মোঃ আব্দুর রাজ্জাক<br>উপ-সচিব<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ আনোয়ার হোসেন<br>হিসাব রক্ষণ অফিসার<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৭ | প্রফেসর মোঃ আমিনুল হক সরকার<br>সচিব<br>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর। | সদস্য সচিব | স্বাক্ষরিত |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় উপস্থিত হওয়ার জন্য সদস্যগণকে আন্তরিক ধন্যবাদ জানান। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়ন সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয় ঃ ১ ॥ স্বাস্থ্যবিধি মেনে নিয়মিত অফিসে উপস্থিতি ঃ**

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ** সভায় সেবাগ্রহীতাদের প্রয়োজনীয় সেবা প্রদান নিশ্চিতকরণ এবং অফিসের সার্বিক কার্যাবলি সম্পাদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কর্মকর্তা/ কর্মচারীদের স্বাস্থ্যবিধি মেনে নিয়মিত অফিসে উপস্থিতি নিশ্চিত করার

উপর গুরুত্ব আরোপ করা হয়। সভাপতি মহোদয় সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে স্ব-স্ব বিভাগের উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয় ঃ ২ ॥ কোভিড-১৯ পরিস্থিতি মনিটরিং ঃ

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ** কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলার উপর গুরুত্ব আরোপ করা হয়। অফিসে সেবাদানকারী এবং গ্রহণকারী আবশ্যিকভাবে মাস্ক পরিধান করবেন। স্বাস্থ্যবিধি সঠিকভাবে প্রতিপালনের বিষয়ে মনিটরিং অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয় ঃ ৩ ॥ ভর্তি নীতিমালা বাস্তবায়ন ঃ

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ** কলেজ পরিদর্শক জানান যে, বর্তমানে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ভর্তি কার্যক্রম অনলাইনে সুষ্ঠুভাবে সমাপ্ত হয়েছে এবং মাধ্যমিক পর্যায়ে চলমান শিক্ষাবর্ষে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। ভর্তি কার্যক্রম শেষে বিভাগীয় প্রধানগণ প্রতিবেদন দাখিল করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয় ঃ ৪ ॥ **পরীক্ষা পরিচালনার পর প্রতিবেদন প্রদান ঃ**

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ** ॥ বিদ্যমান নীতিমালা, বিধি-বিধান, সরকারি নির্দেশনা মোতাবেক ও আন্তঃ বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী পরীক্ষাসমূহ নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। পরীক্ষা নিয়ন্ত্রক পরীক্ষা পরিচালনার পর সংশ্লিষ্ট পরীক্ষার সার্বিক ব্যবস্থাপনা, সমস্যা ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রদান করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয় ।

আলোচ্য বিষয় ঃ ৫ ॥ **অফিসের কর্মপরিবেশ উন্নয়ন ও শৃঙ্খলা প্রতিষ্ঠা ঃ**

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ** সভার সম্মানীত সদস্যগণ শিক্ষা বোর্ডের কর্মপরিবেশ উন্নয়ন ও শৃঙ্খলা প্রতিষ্ঠার উপর গুরুত্ব আরোপ করেন। চাকরি বিধির পরিপন্থি কোন কাজ সংঘটিত হলে বা এরূপ কোন অবস্থার সৃষ্টি বা ঘটনা ঘটলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভাপতি মহোদয়কে অনুরোধ জানানো হয়।

আলোচ্য বিষয় ঃ ৬ ॥ **কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন ঃ**

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১ এর ২.৩ এ **বর্ণিত** কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। এ লক্ষ্যে বিভাগ ভিত্তিক ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি মহোদয় সদয় নির্দেশনা প্রদান করেন। প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় ।

আলোচ্য বিষয় ঃ ৭ ॥ **কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন ঃ**

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১ এর ২.৪ এ **বর্ণিত** কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। এ লক্ষ্যে ৪০ (চল্লিশ) জন অংশগ্রহণকারী নিয়ে পর্যায়ক্রমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য সভাপতি মহোদয় সদয় নির্দেশনা প্রদান করেন। প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় ।

**আলোচ্য বিষয় ঃ ৮ ॥ কর্মকর্তা/কর্মচারীদের এসিআর জমাদান/প্রেরণ ঃ**

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ** অত্র শিক্ষা বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের এসিআর নির্ধারিত সময়ে সম্পাদন সম্পর্কিত আলোচনা শেষে ২০২০ সাল পর্যন্ত কর্মকর্তা/কর্মচারীদের এসিআর প্রশাসন শাখায় প্রতিবেদনসহ প্রেরণ নিশ্চিতকরণের জন্য সভাপতি মহোদয় বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করেন।

**আলোচ্য বিষয় ঃ ৯ ॥ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ ঃ**
**আলোচনা ও সিদ্ধান্ত ঃ** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১ এর ১০.১ এ বর্ণিত শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ সম্পর্কিত বিষয়ে আলোচনা শেষে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় ।

এ ছাড়া সেবা প্রদানে সম্মিলিতভাবে নৈতিকতা অনুসরণ ও শুদ্ধাচার চর্চার বিষয়ে উদ্বুদ্ধকরণ,শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও অন্যান্য কার্যক্রম যথারীতি সম্পাদন, দুর্নীতিমুক্ত পরিবেশে সেবা প্রদান নিশ্চিতকরণের প্রচেষ্টা ও সচেতনতা বৃদ্ধির পদক্ষেপ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় শিক্ষাবোর্ডের উত্তরোত্তর অগ্রগতি ও উন্নতির জন্য উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন এবং সভায় অংশগ্রহণ ও মূল্যবান মতামত প্রদানের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০২/২০২১

**প্রফেসর মোঃ আবু বকর সিদ্দিক**
চেয়ারম্যান
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

২২/২/২০২১

**প্রফেসর মোঃ আমিনুল হক সরকার**
সচিব
ও
সদস্য সচিব, নৈতিকতা কমিটি
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

<u>অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ</u>

১. পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
২. কলেজ পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড।
৩. বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড।
৪. উপ-সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৫. হিসাব রক্ষণ অফিসার, অত্র শিক্ষা বোর্ড।
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৭. অফিস কপি।